রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, আগস্ট ১১, ২০১৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**উন্নয়ন সমন্বয় শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ০৩ আগস্ট ২০১৬/১৯ শ্রাবণ ১৪২৩

**নম্বর ০৪.০০.০০০০.৭২২.২৪.০০১.১৫.১৫০**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ইস্তাম্বুল কর্ম-পরিকল্পনার সমন্বয় ও পরিবীক্ষণ কমিটিকে সহায়তা করার লক্ষ্যে গঠিত উপ-কমিটি নিম্নরূপভাবে পুনর্গঠন করিয়াছে :

(১) **উপ-কমিটির গঠন :**

| | | |
|---|---|---|
| ০১. | অতিরিক্ত সচিব, উইং-১০ (ডেভেলপমেন্ট ইফেকটিভনেস), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | - আহবায়ক |
| ০২. | প্রতিনিধি (যুগ্মসচিব/উপসচিব), মন্ত্রিপরিষদ বিভাগ | - সদস্য |
| ০৩. | প্রতিনিধি (যুগ্মসচিব/উপসচিব), অর্থ বিভাগ | - সদস্য |
| ০৪. | প্রতিনিধি (যুগ্মসচিব/উপসচিব), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | - সদস্য |
| ০৫. | প্রতিনিধি (যুগ্মসচিব/উপসচিব), শিক্ষা মন্ত্রণালয় | - সদস্য |
| ০৬. | প্রতিনিধি (যুগ্মসচিব/উপসচিব), বাণিজ্য মন্ত্রণালয় | - সদস্য |
| ০৭. | প্রতিনিধি (যুগ্মসচিব/উপসচিব), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | - সদস্য |
| ০৮. | প্রতিনিধি(যুগ্মসচিব/উপসচিব), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | - সদস্য |
| ০৯. | প্রতিনিধি (যুগ্মসচিব/উপসচিব), পররাষ্ট্র মন্ত্রণালয় | - সদস্য |


**মূল্য ঃ** টাকা ৪.০০

১০. প্রতিনিধি (যুগ্মসচিব/উপসচিব), পরিবেশ ও বন মন্ত্রণালয় - সদস্য

১১. প্রতিনিধি (যুগ্মসচিব/উপসচিব), পরিসংখ্যান তথ্য ব্যবস্থাপনা বিভাগ - সদস্য

১২. প্রতিনিধি (যুগ্মসচিব/উপসচিব), সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন - সদস্য

১৩. যুগ্মসচিব (ইইপি), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ -সদস্য-সচিব

(২) **উপ-কমিটির কার্যপরিধি :**

(ক) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহের সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগের মাধ্যমে ইস্তাম্বুল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের পরবর্তী করণীয় নির্ধারণ করিবে;

(খ) ইস্তাম্বুল কর্ম-পরিকল্পনা অনুসারে বাংলাদেশের স্বল্প, মধ্যম ও দীর্ঘমেয়াদি কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও হালনাগাদকরণের লক্ষ্যে মূল কমিটির নিকট সুপারিশ/প্রস্তাব উপস্থাপন করিবে;

(গ) উপ-কমিটি উহার গৃহীত সিদ্ধান্ত ও কার্যক্রম সম্পর্কে সমন্বয় ও পরিবীক্ষণ কমিটিকে অবহিত করিবে; এবং

(ঘ) উপ-কমিটি প্রতি তিনমাস অন্তর সভায় মিলিত হইবে এবং প্রয়োজনে সদস্য কো-অপ্ট করিতে পারিবে।

৩। জনস্বার্থে এই আদেশ জারি করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

বিজয় ভট্টাচার্য্য

অতিরিক্ত সচিব (সমন্বয়)।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd